

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী সকল প্রতিষ্ঠানকে **Customs Bond Management System (CBMS)** এ জরুরী ভিত্তিতে **On board** হওয়া প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন যে, দীর্ঘদিন যাবৎ জাতীয় রাজস্ব বোর্ড হতে সকল বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানকে Customs Bond Management System (CBMS) এ On board হয়ে বন্ড সংক্রান্ত সকল সেবা অনলাইনের মাধ্যমে সম্পাদন করার জন্য অসংখ্যবার সাকুলারের মাধ্যমে অবগত করা হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় হলো এখনো পর্যন্ত বিজিএমইএ'র অনেক সদস্য প্রতিষ্ঠান CBMS এ On board হওয়ার মাধ্যমে অনলাইনে বন্ড সংক্রান্ত সেবা কার্যক্রম গ্রহণ করছে না।

CBMS এর মাধ্যমে কাস্টমস বন্ড সংক্রান্ত বার্ষিক অডিটসহ বিভিন্ন সেবা গ্রহণ করা হলে দৈনন্দিন কার্যক্রমগুলো সহজে Paperless ভাবে সম্পাদন করা সম্ভব হবে। এতে সময় ও ব্যয় উভয় সাশ্রয় হবে।

আপনারা অবগত আছেন, বিজিএমইএ হতে জারীকৃত ইউডি, Asycuda World System ও CBMS এর মধ্যে Intregation এর মাধ্যমে বন্ড সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক উদ্যোগ নেয়া হয়েছে। বিজিএমইএ'র সকল সদস্য প্রতিষ্ঠান CBMS এ On board না হলে যে সকল প্রতিষ্ঠান ইতোমধ্যে On board হয়েছে তারা CBMS এর কাজিত সুফল ভোগ করতে পারছে না। এছাড়াও যে সকল প্রতিষ্ঠান ইতোমধ্যে On board হয়েছে তাদেরকে কাস্টমস কর্তৃক চাহিত প্রতিষ্ঠানের সকল তথ্য অনলাইন দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বর্ণিত অবস্থার নিরিখে বিজিএমইএ'র যে সকল সদস্য প্রতিষ্ঠান এখনো CBMS এ On board হননি তাদেরকে আগামী ১৫/০৪/২০২৬ইং তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে On board হওয়ার জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। অন্যথায়, উল্লিখিত তারিখের পর হতে বিজিএমইএ কর্তৃক প্রদত্ত ইউডিসহ বিভিন্ন সেবা প্রদান করা সম্ভব হবে না।

এ বিষয়ে আপনাদের সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,



মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)

সচিব (ভারপ্রাপ্ত)